



# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রীজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION

BCIC BHABAN, 30-31, DILKUSHIA C.A., DHAKA-1000, BANGLADESH

[www.bcic.gov.bd](http://www.bcic.gov.bd)

নং- ৩৬.০১.০২৭.০১.০২.০১১.২০১৯/৮১

তারিখ: ২৯-০১-২০২০ খ্রি।

## বিষয়: অভিযোগনামা

বিসিআইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৮৮ এর বিধি ৩৮ তুক্ত অপরাধে জনাব আলতা মাসুল ইসলাম, ব্যবস্থাপক (প্রশাসন), এসএফপি, ফেন্সুগঞ্জ, সিলেট এর বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমার অভিযোগনামা :

- ১। যেহেতু, আপনি জনাব আলতা মাসুল ইসলাম, ব্যবস্থাপক (প্রশাসন), এসএফপি, ফেন্সুগঞ্জ, সিলেট-এ গত ১০-১২-২০১৪ তারিখ হতে কর্মরত আছেন। শাহজালাল ফার্টিলাইজার প্রকল্পের ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ সময়ের নিরীক্ষা আপত্তি এবং তদপ্রেক্ষিতে সম্পাদিত তদন্তে দেখা যায় যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করে ক্ষ্যাপ মালামাল বিক্রয় হয়েছে। এসএফপি'র বিগত ২৮-১০-২০১৮ তারিখের নং-৩৬.০১.০১৪.০৫.২৫-১.০৬১.২০১৮/০৯৩ স্বত্রে জারীকৃত দণ্ডনাদেশ অনুযায়ী এসএফপি'র পার্শ্ববর্তী ইয়ার্ড, অঙ্গীয় মন্দিরের পূর্ব পার্শ্বের ইয়ার্ড এবং এসএফসিএল এর ০১ নং গেইটের পশ্চিম-উত্তম পার্শ্বের ইয়ার্ডের কারখানার ব্যবহার উপযোগী ০৮টি কলটেইনার ব্যতীত অন্যান্য সমুদয় অব্যবহৃত মালামালের পরিমাণ ও প্রকৃত মূল্য নির্ধারণ করার জন্য জনাব হাসান হাবিবুর রহমান, উপ-প্রধান প্রকৌশলী (পুর) নির্মাণ বিভাগ, এসএফপি-কে আহবায়ক করে ০৪ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। আপনি উক্ত কমিটির একজন সদস্য ছিলেন। কমিটির সদস্য হয়েও আপনি ক্ষ্যাপ মালামাল বিক্রয়ের বিষয়ে নিয়ম জানেন না যার্মে কমিটির নিকট মতামত ব্যক্ত করেছেন। যা চাকরিতে আপনার অদক্ষতার পরিচায়ক।
- ২। যেহেতু, বিসিআইসি'র Stores Control Manual এর 20.8. তে বলা আছে- In the case of Enterprise, the administrative approval for disposal of Surplus/Obsolete/process by products (which can not be re-used)/un-useable construction materials shall be obtained from the Enterprise/company Management Board while in the case of Project, the administrative approval shall be obtained from the Director-Incharge and the Finance Director.

আপনি উক্ত কমিটির একজন সদস্য এবং প্রশাসনের একজন অভিজ্ঞ কর্মকর্তা হয়েও বিসিআইসি'র Stores Control Manual এর 20.8. এর নির্দেশ অমান্য করেছেন।

- ৩। যেহেতু, ক্ষ্যাপের মূল্য নির্ধারণ এবং নিষ্পত্তির জন্য বিসিআইসি'র Stores Control Manual এ কোন পর্যায়ের কোন কোন বিভাগের কর্মকর্তা সমন্বয়ে কমিটি গঠন করা হবে এর ফরয়েট নির্ধারিত রয়েছে। তা সত্ত্বেও স্থানীয় প্রশাসনের কর্মকর্তা হিসেবে আপনি এর ব্যত্যয় করে কমিটি গঠন করেছেন। কমিটি গঠনে বিসিআইসি'র Stores Control Manual এর বিধি-বিধান অনুসরণ করা হয়নি। এর জন্য প্রশাসনের কর্মকর্তা হিসেবে আপনি দায় এড়াতে পারেন না।
- ৪। যেহেতু, ক্ষ্যাপ এর মূল্য নির্ধারণের ক্ষেত্রে আপনার বক্তব্য অনুযায়ী আনুমানিক মূল্য নির্ধারণ ছাড়া কোন উপায় ছিল না। অপর দিকে আপনার কমিটির প্রতিবেদন মতে ক্ষ্যাপের মূল্য কেজি ও পিস ভিত্তিক নির্ধারণ করা হয়েছে। এক্ষেত্রে কমিটির নিকট আপনার বক্তব্য এবং প্রতিবেদনে আপনার বক্তব্যের সাথে কোন সামঞ্জস্যতা নেই।
- ৫। যেহেতু, বিধি অনুযায়ী ক্ষ্যাপ মালামাল বিক্রয়ের অনুমোদন প্রকল্প পরিচালক দিতে পারেন না। তার পরও আপনি প্রশাসন ক্যাডারের কর্মকর্তা হয়েও বিসিআইসি'র Stores Control Manual এর ব্যত্যয় ঘটিয়ে প্রকল্প পরিচালকের অনুমোদনে ক্ষ্যাপ বিক্রয়ের মেট পূর্বানুমোদন করিয়েছেন। যা প্রশাসনিক কাজে স্বেচ্ছাচারিতার পর্যায়ভূক্ত।
- ৬। যেহেতু, Stores Control Manual সংস্থা ও সংস্থাধীন কারখানার গুদাম ব্যবস্থা পরিচালনা তথা নিয়ন্ত্রণের জন্য বিসিআইসি পরিচালনা পর্যবেক্ষণ কর্তৃক প্রনীত অন্যতম দলিল। বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রীজ কর্পোরেশনের ব্যবস্থাপনা ও তত্ত্বাবধানে পরিচালিত সংস্থার প্রধান কার্যালয়ে, সংস্থাধীন কারখানা/প্রকল্পের জন্য ১লা জানুয়ারী'১৯৮৭ হতে কার্যকর এ ম্যানুয়েল বিগত ৩১-১২-১৯৮৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডের ১৯১তম বোর্ড সভায় অনুমোদিত ও গৃহীত হয়। এরপর হতে অদ্যাবধি সংস্থার প্রধান কার্যালয়সহ সংস্থাধীন কারখানা/প্রকল্পের গুদাম ব্যবস্থাপনার জন্য বিদ্যমান অন্যতম দলিল। যে যে বিষয়ে উক্ত ম্যানুয়েল বিধান বিদ্যমান সে সে ক্ষেত্রে অন্য কোন বিধির বিধান প্রয়োগ করার সুযোগ নেই। কিন্তু আপনি কমিটির সদস্য হিসেবে প্রশাসনের একমাত্র কর্মকর্তা হয়েও এ বিষয়ে অন্যান্য কারখানা বা প্রধান কার্যালয় হতে নিয়ম-নীতি জানার কোন চেষ্টা না করে সংস্থার Stores Control Manual এর ব্যত্যয় ঘটিয়েছেন। যা আপনার অদক্ষতা, দায়িত্বাধীনতা এবং অস্বচ্ছতার পরিচয় বহন করে।

চলমান পাতা-০২



# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রীজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION

BCIC BHABAN, 30-31, DILKUSHA C.A., DHAKA-1000, BANGLADESH

[www.bcic.gov.bd](http://www.bcic.gov.bd)

-02-

- ৭। যেহেতু, Stores Control manual এর 20.9.3 ধারা মতে ২৫,০০০/- টাকার তদুর্ধ মূল্যের পন্থ বিক্রয়ের ক্ষেত্রে- "by inviting sealed quotations through advertisement in the newspaper when the estimated value of the materials exceeds Tk. 25,000/- (Taka twenty five thousand);" মর্মে বিধান রয়েছে। আলোচ্য ওটি টেক্সারে প্রাপ্ত দর যথাক্রমে ১২,৭২,৭০৫/-, ৪,৩৩,৮২০/- ও ১০,৮৭,২৪২/- হলেও কোন ক্ষেত্রেই পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়নি। আলোচ্য পত্রিকায় স্ক্র্যাপের মূল্য কেজি ও পিস ভিত্তিক প্রাকলন করা হলেও স্ক্র্যাপ বিক্রয় করা হয়েছে স্তুপ ভিত্তিতে। প্রশাসনের কর্মকর্তা হিসেবে পত্রিকায় বিজ্ঞাপন দেয়ার বিষয়টি আপনার জানা থাকা উচিত ছিল। এক্ষেত্রে স্ক্র্যাপের মূল্য কেজি ও পিস ভিত্তিক প্রাকলন করা হলেও স্ক্র্যাপ বিক্রি করা হয়েছে স্তুপ ভিত্তিতে। প্রতিবেদন মতে, বিপুল পরিমাণ অর্থের স্ক্র্যাপ নামমাত্র অর্থাত মাত্র ২৭,৯৩,৭৬৭/- টাকা মূল্যে বিক্রয় করা হয়েছে।
- ৮। যেহেতু, Stores Control manual এর 20.11.8 ধারা মতে Earnest Money of the successful bidder shall be released after and only after satisfactory lifting of the materials as per terms of the sales order. In case of failure to lift the materials by the buyer as per terms of the sales order, their Earnest Money shall be forfeited forthwith.
- যদিও আলোচ্য টেক্সারে স্ক্র্যাপের মূল্যের সাথে টেক্সার সিকিউরিটি সমন্বয় করা হয়েছিল। অর্থাত পুরো প্রক্রিয়াতেই অস্বচ্ছতা বিরাজ মান ছিল। এতদপ্রেক্ষিতে শাহজালাল ফার্টিলাইজার প্রকল্পের স্ক্র্যাপের মূল্য নির্ধারণ ও স্ক্র্যাপ বিক্রয়ের কমিটিভৃত্তি সদস্যদের মধ্যে যোগাযোগহীনতা, দায়িত্বহীনতা এবং কমিটি আহবায়কের এককভাবে কাজ করার মধ্য দিয়ে পুরো কার্যক্রমটি একটি অস্বচ্ছ প্রক্রিয়ায় সম্পন্ন হওয়ার দায় প্রশাসনের কর্মকর্তা হিসেবে আপনার উপর বর্তায়।
- ৯। যেহেতু, কমিটির একমাত্র বহিরাগত সদস্য জনাব মোঃ কোরেশ আল মাহমুদ, ম্যানেজার, সোনালী ব্যাংক লি. যদিও টেক্সার ইভালুয়েশন কমিটির কোন কার্যক্রমেই তার কোন অংশগ্রহণ দেখা যায় নাই, কমিটির সদস্য এবং প্রশাসনের কর্মকর্তা হিসেবে এর দায়ভার আপনার উপর বর্তায়।
- ১০। যেহেতু, স্ক্র্যাপ ডিসপোজালের প্রশাসনিক ও আর্থিক শিরোনাম উল্লেখ পূর্বক কোন অনুমোদন গ্রহণ করা হয়নি। পূর্বাপর সকল অনুমোদনই প্রকল্প পরিচালক প্রদান করেছেন। যদিও "Stores Control Manual" অনুযায়ী প্রকল্প পর্যায়ে প্রকল্প পরিচালক disposal of Surplus /obsolete/process by products এর প্রশাসনিক অনুমোদন প্রদানের এখতিয়ারই সংরক্ষণ করেন না। প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের ভারপ্রাপ্ত পরিচালক (Director incharge) এবং সংস্থার অর্থ পরিচালকের নিকট থেকে উক্ত অনুমোদন গ্রহণ করতে হবে। ফলে যে পর্যায়ে বিষয়টি নিষ্পত্তিযোগ্য নয় সে পর্যায়ের অনুমোদনে কার্যসম্পাদনের জন্য নোটে অনুমোদন যাচানকারী কর্মকর্তা তার ভাষায় অজ্ঞানতা যা এ কার্যক্রম সম্পাদনের কারণে অদক্ষতা, উদ্দেশ্যমূলক কর্মসূচির দায় এবং কর্তৃত বহির্ভূত প্রশাসনিক অনুমোদন নেয়ার কারণে কমিটির সদস্য এবং প্রশাসনের কর্মকর্তা হিসেবে আপনার উপর ক্ষমতার অপ্রযুক্তির দায় বর্তায়।
- ১১। সেহেতু এক্ষণে, আপনার একক কর্মকাণ্ড বিসিআইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৮৮ এর বিধি ৩৮ (ক) (খ) (ঘ) ভৃত্তি অপরাধ। উল্লেখিত কার্যকলাপের জন্য কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত বা অন্যকেন যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, তার কারণ (যদি কিছু থাকে) এ নোটিশ পাওয়ার ১০ (দশ) টি কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রদান করবেন এবং এ ব্যাপারে আপনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাও জবাবে উল্লেখ করবেন। যথাসময়ে জবাব পাওয়া না গেলে ধরে নেয়া হবে যে এ অভিযোগে আপনার কোন জবাব দেই এবং তদপ্রেক্ষিতে কর্তৃপক্ষ আপনার বিষয়ে একত্রফা আইন/বিধিগত ব্যবস্থা গ্রহণ করবেন। বিধি অনুযায়ী অভিযোগনামার সাথে একসেট অভিযোগ বিবরণী প্রেরণ করা হলো।

(মোঃ হাইয়ুল কাইয়ুম)

চেয়ারম্যান

বিসিআইসি, ঢাকা।

ফোন নং- ৯৬৬৪১৫৩

E-mail: [chairman@bcic.gov.bd](mailto:chairman@bcic.gov.bd)

প্রাপক :


জনাব আলতা মাসুল ইসলাম

ব্যবস্থাপক (প্রশাসন)

এসএফপি

ফেডুগঞ্জ, সিলেট।

চলমান পাতা-০৩



# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রীজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION

BCIC BHABAN, 30-31, DILKUSHYA C.A., DHAKA-1000, BANGLADESH

[www.bcic.gov.bd](http://www.bcic.gov.bd)

-03-

## বিতরণ :

০১। প্রকল্প পরিচালক, এসএফপি, ফেন্সুগঞ্জ, সিলেট।

## অনুলিপি (জেষ্ঠ্যতা বা পদের ক্রমানুসারে নয়) :

- ০১। পরিচালক (পরিঃ ও বাস্তঃ), বিসিআইসি।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, এসএফসিএল, ফেন্সুগঞ্জ, সিলেট।
- ০৩। হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি।
- ০৪। মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বিসিআইসি।
- ০৫। মহাব্যবস্থাপক, নিরীক্ষা, বিসিআইসি।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন-১) কর্মচারী বিভাগ, বিসিআইসি।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন-২) কর্মচারী বিভাগ, বিসিআইসি।
- ০৮। নোটিশ বোর্ড (সকল)।
- ০৯। দণ্ডনথি।
- ১০। মহানথি।